ফুটবল

# বিশ্বকাপে পরিষ্কার-পরিচ্ছন্নতার যে অসাধারণ 'শিক্ষা' দিয়ে যাচ্ছে জাপান

খেলা ডেস্ক



জার্মানির বিপক্ষে জয়ের পর ড্রেসিংরুম এভাবেই পরিষ্কার করে রেখে যান জাপানের ফুটবলাররা *ছবি : টুইটার*

একদম চকচকে ড্রেসিংরুম!

ম্যাচের আগে সবকিছু যেভাবে সাজিয়ে-গুছিয়ে রাখা হয় ঠিক সেভাবেই সাজানো ছিল ড্রেসিংরুম। ছবিতে দেখে মনে হয়েছে, এখনই বুঝি এই ড্রেসিংরুমে নতুন একটি দল আসবে এবং নতুন ম্যাচ খেলতে নামবে। আসলে তা নয়। ছবিটি ম্যাচের শেষে, যে ম্যাচে ইতিহাস গড়েছে জাপান।

বিশ্বকাপের ইতিহাসে প্রথমবারের মতো কোনো বিশ্ব চ্যাম্পিয়ন দলকে হারিয়েছে এশিয়ার দেশটি। হ্যাঁ, ঠিকই ধরেছেন। কাল জার্মানির বিপক্ষে ২-১ গোলে জয়ের পর জাপানের ড্রেসিংরুমের একটি ছবি প্রকাশ হয় সামাজিক যোগাযোগমাধ্যমে। ছবিটি দেখার পর যে কারও জাপান জাতীয় দলের ওপর শ্রদ্ধাটা বেড়ে যাওয়ার কথা।

বিজ্ঞাপন

By using this site, you agree to our Privacy Policy. OK

চারবারের বিশ্ব চ্যাম্পিয়ন জার্মানিকে হারানোর পর আল খলিফা স্টেডিয়ামে নিজেদের ড্রেসিংরুমে বাঁধভাঙা উদ্‌যাপন করেছে জাপান জাতীয় ফুটবল দল। এমন জয়ের পর আনন্দ-উল্লাস মাত্রা ছাড়িয়ে যাওয়াই স্বাভাবিক। তাই বলে নিজেদের দায়িত্বটা ভুলে যায়নি হাজিমে মোরিয়াসুর দল। ড্রেসিংরুমে এতটুকু ময়লা থাকলেও সেটি পরিষ্কার করে তারপর হোটেলে ফেরার বাস ধরেছে জাপান দল। ফিফা জাপানের ঝকঝকে-তকতকে ড্রেসিংরুমের একটি ছবি প্রকাশ করেছে।

By using this site, you agree to our Privacy Policy.

By using this site, you agree to our Privacy Policy.

**サラ |** 🦚⚖️ · ২৪ নভেম্বর, ২০২২
@Sarahnghae09 · **অনুসরণ করুন**
did the players made those origami cranes????????????? 🥹

> **FIFA** ✅ @FIFAcom
> After an historic victory against Germany at the #FIFAWorldCup on Match Day 4, Japan fans cleaned up their rubbish in the stadium, whilst the @jfa_samuraiblue left their changing room at Khalifa International Stadium like this. Spotless.
>
> Domo Arigato.👏🇯🇵

**FIFA** ✅
@FIFAcom · **অনুসরণ করুন**

This is what they left behind too. 😍

By using this site, you agree to our Privacy Policy.

৩৫.৯ হাজার উত্তর দিন শেয়ার করুন

১২৫টি উত্তর পড়ন

সেই ছবিতে দেখা গেছে, অনুশীলনে যেসব জার্সি পরেছেন জাপানের খেলোয়াড়েরা, সেসব জার্সি সুন্দর ভাঁজ করে রাখা হয়েছে ড্রেসিংরুমের ভেতরে রাখা টেবিলের পাশে। তার পাশেই অব্যবহৃত পানির বোতলের স্তূপ। সেটাও গুছিয়ে রাখা হয়েছে। আর টেবিলের ওপরে খাবারের সারি।

**FIFA**
@FIFAcom · **অনুসরণ করুন**

After an historic victory against Germany at the #FIFAWorldCup on Match Day 4, Japan fans cleaned up their rubbish in the stadium, whilst the @jfa_samuraiblue left their changing room at Khalifa International Stadium like this. Spotless.

Domo Arigato.👏🇯🇵

৭:১১ AM · ২৪ নভেম্বর, ২০২২

১.১ লাখ উত্তর দিন শেয়ার করুন

১.১ হাজারটি উত্তর পড়ন

By using this site, you agree to our Privacy Policy.

জার্মানির বিপক্ষে ম্যাচে বেঁচে যাওয়া খাবারগুলো টেবিলের ওপর সুন্দর সারিবদ্ধভাবে সাজিয়ে রাখা হয়েছে। তার পেছনেই 'অরিগামি'—কাগজ ভাঁজ করে বানানো হাঁসের প্রতিকৃতি। অরিগামি জাপানের সংস্কৃতির অংশ। ধন্যবাদ জানানোর অংশ হিসেবেই অরিগামি করে একটি হাঁস এবং আরও দু-একটি ক্ষুদে প্রতিকৃতি রেখে যান জাপানের খেলোয়াড়েরা। এখানেই শেষ নয়। আরবি ও জাপানিজ ভাষায় ধন্যবাদজ্ঞাপনসূচক একটি চিরকুটও টেবিলে রেখে গেছে এশিয়ার দলটি।

শুধু জাপানের খেলোয়াড়েরাই নয়, সমর্থকেরাও পরিষ্কার-পরিচ্ছনতায় বিশ্বাসী। বিশ্বকাপে কাতার-ইকুয়েডর উদ্বোধনী ম্যাচ শেষে দুই দলের সমর্থকেরা চলে গেলেও জাপানের কিছু ফুটবলপ্রেমী নিজ উদ্যোগে গ্যালারির ময়লা-আবর্জনা পরিষ্কার করেন। আর কাল তো জাপানের সমর্থকেরা পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে যেন ঝাঁপিয়ে পড়েছিলেন।

B/R Football
@brfootball · অনুসরণ করুন

Even after a famous win at the World Cup, Japan fans stayed behind to clean up ❤️

১:০৯ AM · ২৪ নভেম্বর, ২০২২

১.৯ লাখ উত্তর দিন শেয়ার করুন

১.৭ হাজারটি উত্তর পড়ুন

জাপানের প্রচুর সমর্থক কাল ঐতিহাসিক জয়ে পর আল খলিফা স্টেডিয়ামে গ্যালারির ময়লা-আবর্জনা পরিষ্কার করেন। টুর্নামেন্টে জাপানের খেলোয়াড়দের এই পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান নতুন না। ২০১৮ রাশিয়া বিশ্বকাপেও নিজেদের ম্যাচ শেষে সব সময় ড্রেসিংরুম পরিষ্কার করে তারপর হোটেলমুখো হয়েছে জাপানের ফুটবল দল। ২০১৯ এশিয়া কাপেও তাই দেখা গেছে।

By using this site, you agree to our Privacy Policy.

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.